৭১

দৈনিক ইনকিলাব

তারিখ ... ১০ JUN 1997 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ১ ...

ব্রাহ্মণবাড়ীয়ায় কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান

## যত্রতত্র পরীক্ষা কেন্দ্র স্থাপনের ফলে শিক্ষাক্ষেত্রে চরম অবক্ষয় ও নৈরাজ্য বিরাজ করছে

ব্রাহ্মণবাড়ীয়া থেকে জেলা সংবাদদাতা ঃ কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ডঃ আজিজুর রহমান বলেছেন, দেশের যত্রতত্র পরীক্ষা কেন্দ্র স্থাপনের ফলে শিক্ষাক্ষেত্রে চরম অবক্ষয় ও নৈরাজ্যজনক অবস্থা বিরাজ করছে। তিনি বলেন, এ সকল কেন্দ্র থেকে পরীক্ষায় অংশ নিয়ে সার্টিফিকেট অর্জন করে ছাত্ররা যদি পরবর্তীকালে যে কোনো শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকতার মত মহান পেশায় আসে, তা হলে শিক্ষা ব্যবস্থার যে কি করুণ অবস্থা হবে তা ভাবাই যায় না। তিনি বলেন, অনেক গ্র্যাজুয়েট ডিগ্রীধারী ছেলেরা এখন গ্র্যাজুয়েট বানানও লিখতে পারে না। ৯৯ ভাগ ক্ষেত্রেই শিক্ষা ব্যর্থ হয়ে যাচ্ছে। তিনি গত ৩ জুন ব্রাহ্মণবাড়ীয়া সদর থানার ইসলামপুর গ্রামে কাজী মোহাম্মাদ শফিকুল ইসলাম মহাবিদ্যালয়ের নবনির্মিত ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে উপরোক্ত বক্তব্য রাখেন। আলহাজ কাজী মোঃ রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশাসক একেএম ওয়াহেদুল ইসলাম, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের বাংলা বিভাগের প্রধান ডঃ জয়নাল আবেদীন, সদর থানার টিএনও দিলরুবা বেগম। স্বাগত বক্তব্য রাখেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ ছানাউল হক ভূঁয়া। আরো বক্তব্য রাখেন কলেজের প্রতিষ্ঠাতা, বিশিষ্ট সমাজ সেবক, এফবিসিসিআই'র সহ-সভাপতি কাজী মোহাম্মদ শফিকুল ইসলাম ও বেগম শফিকুল ইসলাম। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রভাষক হাফেজ মোঃ শফিকুর রহমান ও শামসুল আলম। উল্লেখ্য, কাজী মোহাম্মদ শফিকুল ইসলাম মহাবিদ্যালয়টি ২০ বিঘা জমির উপর ১৯৯৬ সালে প্রতিষ্ঠা করা হয়।